

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ই-মেইল : techedu09@gmail.com
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তিঃ/১৯৬৬/২০১১/৩০৫৯ (৪)

তারিখঃ ২১/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তাঁকে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে দৈনন্দিন মনিটরিং কার্যক্রমের প্রতিবেদনে পরিলক্ষিত হয় যে, তিনি গত ৩০/০৭/২০১৬ খ্রিঃ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে অনুষ্ঠিত অধ্যক্ষ সম্মেলন ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে জঙ্গিবাদ বিরোধী প্রোগ্রাম শেষে ৩১/০৭/২০১৬ ও ০১/০৮/২০১৬ খ্রিঃ তারিখে প্রতিষ্ঠানে অনুপস্থিত ছিলেন।

২। ০৬/০৮/২০১৬ খ্রিঃ তারিখ (শনিবার) কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া কর্মস্থল ত্যাগ করে ০৯/০৮/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিষ্ঠানে অনুপস্থিত ছিলেন। তিনি ছুটির বিষয়ে মহাপরিচালক মহোদয়, পরিচালক কিংবা সহকারী পরিচালক কাউকেই কিছু জানাননি।

৩। গত ০৮/০৮/২০১৬ ও ০৯/০৮/২০১৬ খ্রিঃ তারিখে প্রাপ্ত ই-মেইলে দৈনন্দিন মনিটরিং রিপোর্টে অধ্যক্ষের স্বাক্ষর স্ক্যান করে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে মেইল প্রেরণকারী জানিয়েছেন অধ্যক্ষ অনুপস্থিত থাকলেও তাঁর স্বাক্ষর স্ক্যান করে পাঠাতে বলা হয়েছে।

৪। তাঁর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (আচরণ) বিধি ১৯৭৯ এর পরিপন্থি।

৫। এমতাবস্থায়, কেন তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক আইনানুগ ব্যবস্থা নেয়া হবে না তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো।

প্রাপক: জনাব মোঃ নজরুল ইসলাম
অধ্যক্ষ
লালমনিরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ
লালমনিরহাট।

(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩০/৮/১৬

অনুলিপিঃ

- ০১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লালমনিরহাট।
- ০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সংরক্ষণ নথি।